

তারিখ
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

**ফরম পূরণে ব্যর্থ হয়ে
শাহজাদপুরে কলেজে তাল
বুলিয়েছে পরীক্ষার্থীরা**

শাহজাদপুর প্রতিনিধি : নিরাজগঞ্জের শাহজাদপুর উপজেলার তালগাছি করতোয়া কলেজের ৮ শতাধিক এইচএসসি পরীক্ষার্থী পরীক্ষার ফরম পূরণে ব্যর্থ হয়ে গত বৃহস্পতিবার শিক্ষকদের জোরপূর্বক রের করে দিয়ে পিয়নদের বেধড়ক মারপিট করে কলেজে তাল মেরে দেয়। এক পর্যায়ে বিক্ষুব্ধ ছাত্রছাত্রী বগুড়া-নগরবাড়ী মহাসড়ক প্রায় ২ ঘণ্টা অবরোধ করে রাখে। ফলে শত শত যাত্রীবাহী বাস, কোচ ও যানবাহন আটকা পড়ে প্রায় ১০ কিলোমিটার এলাকাজুড়ে যানজটের সৃষ্টি হয়।

করতোয়া কলেজের অধ্যক্ষ মমতাজ আলী ভোরের কাগজকে জানান, বোর্ড ও কলেজ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী নির্বাচনী (টেস্ট) পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরাই কেবলমাত্র আসন্ন এইচএসসি পরীক্ষার ফরম পূরণের সুযোগ পাবে। নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য এবং পরীক্ষায় অংশগ্রহণ থেকে বিরত থাকা ছাত্রছাত্রীরা কোনোভাবেই ফরম পূরণের সুযোগ পাবে না। তিনি জানান, বোর্ডের এই সিদ্ধান্ত সম্পর্কে ছাত্রছাত্রীদের অবগত করার জন্য বারবার তাগিদ এবং নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ নিশ্চিত করতে এমনকি মাইকিং পর্যন্ত করা হয়েছে। উল্লেখ্য, গত বৃহস্পতিবারই ফরম পূরণের জন্য নির্ধারিত সময়ের শেষ দিন ছিল। গত বছরের পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রেও এ নিয়ম প্রযোজ্য।